## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## জাতীয় রাজস্ব বোর্ড

## (কাস্টমস্)

### প্রজ্ঞাপন তারিখ t– ২৮ জ্যৈষ্ঠ,১৪১৬ বঙ্গাব্দ/১১ জুন, ২০০৯ খ্রিস্টাব্দ।

**এস,আর,ও নং ১৫০–আইন/২০০৯/২২৫৩/শুল্ক** |- Customs Act, 1969 (Act IV of 1969) এর section ২১৯ (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, THIRD SCHEDULE Gi item 21 এর সহিত পঠিতব্য, জাতীয় রাজস্ব বোর্ড, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথাঃ–

**১। সংক্ষিপ্ত শিরোনাম** |- (১) এই বিধিমালা কাস্টমস্ এজেন্টস্ (লাইসেন্সিং) বিধিমালা, ২০০৯ নামে অভিহিত হইবে।

**২। সংজ্ঞা** ।– বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কিছু না থাকিলে, এই বিধিমালায় -

(ক) আইন অর্থ, Customs Act 1969, (Act IV of 1969);

[1][ (খ) "কাস্টমস্ এজেন্টস্" অর্থ আইনের section 207 এর উদ্দেশ্য পূরণকল্পে কাস্টম হাউস বা কাস্টমস্ স্টেশনে কোন যানবাহনের প্রবেশ বা খালাস অথবা কোন আমদানিকৃত বা রপ্তানিতব্য চালান বা ব্যাগেজ সংশ্লিষ্ট কাজ সম্পাদনকারী ব্যক্তি বা প্রতিষ্ঠান;

(গ) "কাস্টমস্ এজেন্ট" অর্থ কাস্টম হাউজ বা কাস্টমস্ স্টেশনে কোন যানবাহনের প্রবেশ বা খালাস অথবা কোন আমদানিকৃত বা রপ্তানিতব্য পণ্যের চালান বা ব্যাগেজ সংশ্লিষ্ট কাজ সম্পাদনকারী ব্যক্তি বা প্রতিষ্ঠান;

(ঘ) "কাস্টমস্ সরকার" অর্থ বিধি ১৫ এর অধীন নিযুক্ত কাস্টমস সরকার;

(ঙ) "খোদ–খালাস" অর্থ বিধি ১০ এর অধীন খোদ–খালাস;

(চ) "গ্রাহক" অর্থ এমন ব্যক্তি বা প্রতিষ্ঠান যিনি বিদেশ হইতে কোন পণ্য আমদানি বা বিদেশে কোন পণ্য রপ্তানি করেন;

(ছ) "ফরম" অর্থ এই বিধিমালার ফরম;

(জ) "বোর্ড" অর্থ আইনের section 2(e) এ সংজ্ঞায়িত জাতীয় রাজস্ব বোর্ড;

(ঝ) " রেফারেন্স লাইসেন্স" অর্থ বিধি ১২ এর অধীন প্রদত্ত রেফারেন্স লাইসেন্স;

---

[1] ১ এস,আর,ও নং ২৭২-আইন/২০০৯/২২৬৯/শুল্ক তারিখ ২২ ডিসেম্বর, ২০০৯ দ্বারা প্রতিস্থাপিত

(ঞ) ‘‘লাইসেন্স’’ অর্থ কাস্টমস্ এজেন্ট হিসাবে কার্য সম্পাদনের জন্য বিধি ৬ এর অধীন প্রদত্ত লাইসেন্স;

(ট) ‘‘লাইসেন্সি’’ অর্থ বিধি ৬ এর অধীন লাইসেন্স প্রাপ্ত কাস্টমস্ এজেন্ট;

(ঠ) ‘‘লাইসেন্সিং কর্তৃপক্ষ’’ অর্থ বিধি ৩ এর অধীন গঠিত লাইসেন্সিং কর্তৃপক্ষ;

**৩। লাইসেন্সিং কর্তৃপক্ষ।-** এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, সংশ্লিষ্ট কাস্টম হাউজ বা কমিশনারেটে কর্মরত [2][একজন যুগ্ম কমিশনার এবং একজন ডেপুটি কমিশনার/সহকারী কমিশনার সমন্বয়ে লাইসেন্সিং কর্তৃপক্ষ গঠিত হইবে।

**৪। লাইসেন্সিং কর্তৃপক্ষের দায়িত্ব।-** লাইসেন্সিং কর্তৃপক্ষের দায়িত্ব হইবে নিম্নরূপ, যথাঃ-

(ক) লাইসেন্সের জন্য আবেদনপত্র গ্রহণ;

(খ) প্রাপ্ত আবেদনপত্র বিবেচনা;

(গ) লাইসেন্স প্রদান;

(ঘ) লাইসেন্স নবায়ন;

(ঙ) লাইসেন্স সাময়িকভাবে স্থগিত;

(চ) লাইসেন্স বাতিল;

(ছ) লাইসেন্সির বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা হিসাবে অর্থদন্ড আরোপ;

(জ) লাইসেন্সিং কার্যক্রমের তদারকি;

[3][(ঝ) লাইসেন্সের মেয়াদ উত্তীর্ণ হওয়ার অনধিক ৬০(ষাট) দিনের মধ্যে লাইসেন্সি বরাবরে পারফরমেন্স সনদ প্রদান;

(ঞ) আইন ও বিধিমালার অধীন অর্পিত যে কোন দায়িত্ব পালন;]

**৫। লাইসেন্সের জন্য আবেদন।-** এই বিধিমালার অধীন কাস্টমস্ এজেন্ট লাইসেন্স প্রাপ্তির জন্য লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট নিম্ন

বর্ণিত কাগজপত্রাদিসহ ফরম-ক তে আবেদন করিবে; যথাঃ-

(১) নিজ এলাকার চেয়ারম্যান বা ওয়ার্ড কমিশনার কর্তৃক নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত কপি;

(২) নিজ এলাকার চেয়ারম্যান বা ওয়ার্ড কমিশনার অথবা ১ম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রত্যায়িত চরিত্রিক সনদপত্র;

---

[2] এস,আর,ও নং ১৯৬-আইন/২০১০/২৩১৪/শুল্ক তারিখ ১০ জুন, ২০১০ দ্বারা প্রতিস্থাপিত

[3] এস,আর,ও নং ২৭২-আইন/২০০৯/২২৬৯/শুল্ক তারিখ ২২ ডিসেম্বর, ২০০৯ দ্বারা প্রতিস্থাপিত

(৩) স্নাতক পরীক্ষায় উত্তীর্ণ হইবার সনদপত্রের সত্যায়িত কপি;

(৪) বয়স প্রমাণের জন্য জš§নিবন্ধন সনদ অথবা বয়স প্রমাণ সংক্রাšত সনদের সত্যায়িত কপি;

[4] [ ** ** ** ** [

(৬) জাতীয় পরচিয়পত্রের সত্যায়তি কপি যদি থাকে

(৭) লাইসেন্সিং কর্তৃপক্ষের অনুকূলে আবেদন ফি হিসাবে [5][২ (দুই) হাজার ৫ (পাঁচ) শত টাকার] অফেরতযোগ্য ট্রেজারী চালান বা ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার;

(৮) আর্থিক স্বচ্ছলতার স্বপক্ষে ব্যাংকের সনদপত্র;

(৯) টি, আই, এন, সনদপত্র [Taxpayer Identification Number (TIN)];

[6][(৯ক) আয়কর কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সর্বশেষ নিরুপিত আয়ের সার্টিফিকেট বা আয়কর নির্ধারণী আদেশের ( আই,টি -৮৮) কপি;

(১০) ট্রেড লাইসেন্সের হালনাগাদ সত্যায়িত কপি;

(১১) মূল্য সংযোজন কর নিবন্ধন সনদপত্রের সত্যায়িত কপি;

(১২) আবেদনকারী যৌথ মালিকানাধীন ফার্ম হইলে, যৌথ কারবারের চুক্তিপত্রের সত্যায়িত কপি;

(১৩) আবেদনকারী কোন কোম্পানী হইলে, উক্ত কোম্পানী নিবন্ধন সনদপত্র, মেমোরেন্ডাম অব এসোসিয়েশন এবং আর্টিকেলস অব এসোসিয়েশনের সত্যায়িত কপি।

**৬। লাইসেন্স প্রদান।–** (১) বিধি ৫ এর অধীন কোনো আবেদন প্রাপ্তির পরবর্তী ৩০ (ত্রিশ) কার্য দিবসের মধ্যে লাইসেন্সিং কতৃপক্ষ, উক্ত আবেদনপত্র এবং উহার সহিত দাখিলকৃত কাগজপত্র বাছাই ও পরীক্ষান্তে উক্ত আবেদনপত্র প্রাথমিকভাবে গ্রহন বা বাতিল করিবে অথবা প্রয়োজনে, এতদসংশ্লিষ্ট অন্য যে কোন তথ্য সরবরাহ করিবার জন্য আবেদনকারীকে নির্দেশ দিতে পারিবে।

**(২)বিধি (১)** এর অধীন আবেদনপত্র গৃহীত হইলে পরবর্তী ৩০ (ত্রিশ) কায© দিবসের মধ্যে লাইসেন্সিং কর্তৃপক্ষ [7][লিখিত পরীক্ষা] মাধ্যমে আইন ও তদসংশিষ্ট¬ অন্যান্য বিষয়াদি স¤পর্কে আবেদনকারীর জ্ঞান ও গ্রাহককে যথাযথ সেবা প্রদানের যোগ্যতা যাচাইপূর্বক লাইসেন্স প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করিবে।

---

[4] এস,আর,ও নং ২৭২-আইন/২০০৯/২২৬৯/শুল্ক তারিখ ২২ ডিসেম্বর, ২০০৯ দ্বারা বিলুপ্ত

[5] এস,আর,ও নং ২৭২-আইন/২০০৯/২২৬৯/শুল্ক তারিখ ২২ ডিসেম্বর, ২০০৯ দ্বারা প্রতিস্থাপিত

[6] এস,আর,ও নং ১৯৬-আইন/২০১০/২৩১৪/শুল্ক তারিখ ১০ জুন, ২০১০ দ্বারা সংযোজিত

[7] এস,আর,ও নং ১৪০-আইন/২০১৪/২৫০৪/কাস্টমস তারিখ ০৫ জুন,২০১৪ প্রতিস্থাপিত

**(৩)উপ-বিধি (২)** এর অধীন লাইসেন্স প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হইলে, উক্ত সিদ্ধান্ত লিখিতভাবে আবেদনকারীকে অবহিত করিবে।

**(৪)উপ-বিধি (৩)** এর অধীন লাইসেন্স প্রাপ্তির বিষয়ে সিদ্ধান্ত অবহিত হইবার ১৫ (পনের) কার্য দিবসের মধ্যে লাইসেন্স প্রাপ্তির জন্য আবেদনকারীকে নিম্নবর্ণিত ফি এবং দলিল লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে, যথাঃ-----------------------------------

(ক) কাস্টম হাউজের ক্ষেত্রে [8][১০ (দশ)] হাজার টাকা এবং ল্যান্ড কাস্টমস স্টেশনের ক্ষেত্রে [9][৫ (পাঁচ)] হাজার টাকার ট্রেজারী চালান বা ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার;

(খ) ফরম-খ এর অধীন সম্পাদিত কাস্টম হাউজের ক্ষেত্রে ২ (দুই) লক্ষ টাকা

এবং ল্যান্ড কাস্টমস স্টেশনের ক্ষেত্রে ১ (এক) লক্ষ [10][টাকা মূল্যমানের সঞ্চয়পত্র এর কপি];

(গ) ফরম-গ এর অধীন সম্পাদিত কাস্টম হাউজের ক্ষেত্রে ১ (এক) লক্ষ টাকা এবং ল্যান্ড কাস্টমস স্টেশনের ক্ষেত্রে ৫০ (পঞ্চাশ) হাজার টাকার বন্ড এর কপি ;

(ঘ) লাইসেন্সের অধীন কার্যাবলী স¤পাদনের জন্য প্রয়োজনীয় সংখ্যক কর্মচারী নিয়োগের প্রতিশ্রুতিপত্র;

(ঙ) লাইসেন্সের অধীন কার্যাবলী পরিচালানার উদ্দেশ্যে অফিস স্থাপন সংক্রান্ত অফিস ভবনের ভাড়ার চুক্তি বা উক্ত ভবনের মালিকানার স্বপক্ষে দলিলপত্র;

(চ) প্রয়োজনীয় তথ্য-প্রযুক্তির সক্ষমতার বিবরণী;

(ছ) লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট সততা, নিষ্ঠা ও পেশাগত দক্ষতার সহিত দায়িত্ব পালনের অঙ্গীকারনামা;

(জ) আংশিক বিদেশী মালিকানাধীন কো¤পানী বা প্রতিষ্ঠানের ক্ষেত্রে, কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) এর অধীন নিবন্ধনের সনদপত্র;

**(৫)উপ-বিধি (৪)** এ উলিখিত¬ ফি এবং দলিলাদি প্রাপ্তির পর লাইসেন্সিং কর্তৃপক্ষ ১৫(পনের) কার্য দিবসের মধ্যে ফরম-ঘ তে আবেদনকারীকে লাইসেন্স প্রদান করিবে।

---

[8] এস,আর,ও নং ২৭২-আইন/২০০৯/২২৬৯/শুল্ক তারিখ ২২ ডিসেম্বর, ২০০৯ দ্বারা প্রতিস্থাপিত

[9] এস,আর,ও নং ২৭২-আইন/২০০৯/২২৬৯/শুল্ক তারিখ ২২ ডিসেম্বর, ২০০৯ দ্বারা প্রতিস্থাপিত

[10] এস,আর,ও নং ২৭২-আইন/২০০৯/২২৬৯/শুল্ক তারিখ ২২ ডিসেম্বর, ২০০৯ দ্বারা প্রতিস্থাপিত

(৬) যদি কোনো কারণে লাইসেন্স প্রদান না করিবার সিদ্ধান্ত গৃহীত হয়, তাহা হইলে লাইসেন্সিং কর্তৃপক্ষ উক্ত সিদ্ধান্তের কারণ লিখিতভাবে সিদ্ধান্ত গ্রহনের ৭ (সাত) কার্য দিবসের মধ্যে আবেদনকারীকে অবহিত করিবে।

**৭। লাইসেন্স প্রদানের ক্ষেত্রে নিষেধাজ্ঞা।**– এই বিধিমালার অন্যান্য বিধিতে যাহা কিছুই থাকুক না কেন, সম্পূর্ণ বিদেশী মালিকানাধীন কোন প্রতিষ্ঠানকে এই বিধিমালার আওতায় লাইসেন্স প্রদান করা যাইবে নাঃ

তবে শর্ত থাকে যে, দেশী ও বিদেশী যৌথ মালিকানায় প্রতিষ্ঠিত কোম্পানী লাইসেন্স পাইবার যোগ্য হইবে, যদি বিদেশী মালিক বা মালিকদের শেয়ার ধারনের পরিমাণ উক্ত কোম্পানীর মোট শেয়ারের শতকরা ৪৯ (ঊনপঞ্চাশ) এর বেশী না হয় |

**৮। লাইসেন্সের অধিক্ষেত্র ও মেয়াদ।**– (১) লাইসেন্সিং কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত লাইসেন্স উহার অধিক্ষেত্রে অবস্থিত কাস্টম হাউজ বা কাস্টমস্ স্টেশনের জন্য প্রযোজ্য হইবে।

(২) লাইসেন্সের মেয়াদ হইবে লাইসেন্স প্রদানের তারিখ হইতে পরবর্তী ৪ (চার) বৎসর**।**

**৯। লাইসেন্সির দায়িত্ব ও কর্তব্য।**– এই বিধিমালার অধীন লাইসেন্সির দায়িত্ব ও কর্তব্য হইবে নি¤œরূপ, যথাঃ–

(ক) প্রতিনিধি হিসাবে মনোনীত ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক লাইসেন্সিকে প্রদত্ত ক্ষমতা অর্পণের পত্র (authorisation letter) সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট দাখিল করা;

(খ) গ্রাহক আইন অনুযায়ী কার্য স¤পাদন করেন নাই বা কোন দলিলে কোন মিথ্যা তথ্য উপস্থাপন করিয়াছেন, তদসম্পর্কে অবগত হইবার সঙ্গে সঙ্গে উহা লিখিতভাবে শুল্ক কর্তৃপক্ষকে অবহিত করা;

(গ) কাস্টমস সংশিষ্ট¬ কার্য সম্পাদনে গ্রাহককে সঠিক তথ্য প্রদান করা;

(ঘ) জানিবার অধিকার রহিয়াছে এমন কোন কাস্টমস্ সংশিষ্ট¬ তথ্য গ্রাহকের নিকট গোপন না করা;

(ঙ) গ্রাহকের নিকট হইতে সরকারের কোন পাওনা প্রাপ্তির সঙ্গে সঙ্গে সরকারী কোষাগারে জমা প্রদান করা এবং সরকারের নিকট হইতে গ্রাহকের পাওনা প্রাপ্তির সঙ্গে সঙ্গে গ্রাহককে প্রদান করা;

(চ) শুল্ক কর্তৃপক্ষের কোন কাজে অযাচিত প্রভাব বিস্তার না করা;

(ছ) সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কাস্টম হাউস বা কাস্টমস্ স্টেশনের রেকর্ড বা শুল্ক কর্তৃপক্ষের অধিকারে থাকা কোন তথ্য সংগ্রহ না করা;

(জ) লাইসেন্স সংশিষ্ট¬ কাজে এমন কোন ব্যক্তিকে নিয়োগ না করা, যাহার লাইসেন্সের আবেদন প্রত্যাখাত হইয়াছে বা বাতিল করা হইয়াছে;

(ঝ) কাস্টম হাউস বা কাস্টমস্ স্টেশনের কোন কর্মকর্তা বা কর্মচারীকে কোন অর্থ ধার বা কর্জ হিসাবে প্রদান না করা এবং এইরূপ কোন কর্মকর্তা বা কর্মচারী কর্তৃক গৃহীত ধার বা কর্জ পরিশোধের জন্য জিম্মাদার না হওয়া;

(ঞ) ব্যবসায়িক অফিসের ঠিকানা পরিবর্তন হইলে, উক্ত পরিবর্তন কার্যকর হইবার সঙ্গে সঙ্গে লাইসেন্সিং কর্তৃপক্ষকে উহা অবগত করা;

(ট) লাইসেন্স সংশিষ্ট¬ আর্থিক লেনদেনের পূর্নাঙ্গ দলিল এবং উহা দ্বারা ব্যবস্থিত সকল কাস্টমস্

দলিল, চিঠি, বিল, হিসাব কমপক্ষে তিন বৎসর সময়ের জন্য নিজস্ব দপ্তরে সংরক্ষণ ও মজুদ রাখা;

(ঠ) সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক মনোনীত কোনো কাস্টমস্ কর্মকর্তা দফা (ট) এ বর্ণিত কোন দলিল তলব করিলে উহা উপস্থাপন করা এবং উহার কোন অংশ গোপন, অপসারণ বা ধ্বংস না করা;

(ড) লাইসেন্সিং কর্তৃপক্ষের লিখিত অনুমোদন ব্যতিরেকে লাইসেন্সিং কার্যক্রমের কোনরূপ গঠনগত পরিবর্তন না করা।

[11][**১০। নিজস্ব পণ্য খালাসের (Self Clearence) জন্য লাইসেন্স প্রদান**।- এই বিধিমালার অন্যান্য বিধিতে যাহা কিছুই থাকুক না কেন, কোন গ্রাহক তদকর্তৃক আমদানিকতৃ বা রপ্তানিতব্য পণ্য নিজে খালাস করিবার জন্য এই বিধিমালার অধীন লাইসেন্স প্রাপ্তির সকল শর্ত পূরণ করিয়া আবেদন করিলে, লাইসেন্সিং কর্তৃপক্ষ প্রশাসনিক আদেশ দ্বারা, আদেশে উল্লিখিত শর্ত ও সীমাবদ্ধতা সাপেক্ষে, উক্ত গ্রাহককে শুধুমাত্র নিজস্ব প্রতিষ্ঠানের পণ্য খালাসের লাইসেন্স প্রদান করিতে পারিবে।]

[12][**১১। লাইসেন্স নবায়ন।–** [13][(১) লাইসেন্সের মেয়াদ শেষ হইবার ৪৫ (পঁয়তালিশ)¬কার্যদিবস পূর্বে লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট কাস্টম হাউসের ক্ষেত্রে ৫,০০০ (পাঁচ হাজার) টাকা এবং ল্যান্ড কাস্টমস্ স্টেশনের ক্ষেত্রে ২,৫০০ (দুই হাজার পাঁচশত) টাকা নবায়ন ফি পরিশোধ করিয়া লাইসেন্সিকে লাইসেন্স নবায়নের জন্য নিম্ন বর্ণিত দলিলাদিসহ আবেদন করিতে হইবে, যথা :–

(ক) মূল লাইসেন্সের কপি;

(খ) হালনাগাদ ট্রেড লাইসেন্সের কপি;

---

[11] এস,আর,ও নং ১৪০-আইন/২০১৪/২৫০৪/কাস্টমস, তারিখ ০৫ জুন, ২০১৪ দ্বারা প্রতিস্থাপিত

[12] এস,আর,ও নং ১৬১-আইন/২০১১/২৩৪৮/শুল্ক তারিখ ৯ জুন, ২০১১ দ্বারা প্রতিস্থাপিত

[13] এস,আর,ও নং ১৭৩-আইন/২০১২/২৪০১/কাস্টমস্ তারিখ ৭ জুন, ২০১২ দ্বারা প্রতিস্থাপিত

(গ) হালনাগাদ আয়কর সনদের কপি;

(ঘ) পূর্বের মেয়াদের পারফরমেন্স সনদের কপি;

(ঙ) হালনাগাদ অফিস ভাড়ার চুক্তিপত্র এবং উক্তরূপ ভাড়ার বিপরীতে পরিশোধিত মূসক চালানের কপি;

(চ) নবায়ন ফি ও উহার উপর প্রযোজ্য মূসক পরিশোধের চালানের কপি; এবং

(ছ) স্ব-স্ব দপ্তর সংশ্লিষ্ট সিএন্ডএফ এসোসিয়েশন এর সদস্যভুক্তির সনদপত্র।]

**(২) উপ-বিধি (১)** এর অধীন আবেদন প্রাপ্তির পর লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট লাইসেন্সির বিগত সময়ের কার্যক্রম সন্তোষজনক বিবেচিত হইলে, লাইসেন্সিং কর্তৃপক্ষ আবেদন প্রাপ্তির ২০(বিশ) কার্যদিবসের মধ্যে পরবর্তী ৪(চার) বৎসর মেয়াদে লাইসেন্স নবায়ন করিবে।

**(৩) উপ-বিধি (১)** এর অধীন আবেদন প্রাপ্তির পর প্রথম মেয়াদে কোন কার্যক্রম না করিয়া থাকিলেও লাইসেন্সিং কর্তৃপক্ষ ন্যায়-নির্ণয়নপূর্বক জরিমানা বা অর্থদণ্ড আদায় সাপেক্ষে আবেদন প্রাপ্তির ৩০(ত্রিশ) কার্যদিবসের মধ্যে পরবর্তী ৪(চার) বৎসর মেয়াদে উক্ত লাইসেন্স নবায়ন করিবেঃ

তবে শর্ত থাকে যে, প্রথম মেয়াদে নবায়নের পরেও দ্বিতীয় মেয়াদে লাইসেন্সের কার্যক্রম না থাকিলে পরবর্তী মেয়াদের জন্য আর নবায়ন করিবে না।

**(৪) উপ-বিধি** (১) এর অধীন আবেদন প্রাপ্তির পর লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট যদি প্রতীয়মান হয় যে-

(ক) লাইসেন্সির কার্যক্রম সন্তোষজনক নয়; বা

(খ) লাইসেন্সির বিরুদ্ধে কোন মামলা, সরকারী পাওনা বকেয়া রয়েছে; বা

(গ) লাইসেন্সি তাহার লাইসেন্স প্রাপ্তির তারিখ হইতে ৮(আট) বৎসর বা নবায়ন গ্রহণের পর ৪ (চার) বৎসর পর্যন্ত কোন কার্যক্রম পরিচালনা করিতে ব্যথ© হইয়াছেন;

তাহা হইলে লাইসেন্সিং কর্তৃপক্ষ লাইসেন্স নবায়ন করিবে না এবং উক্ত সিদ্ধান্ত আবেদন প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে লাইসেন্সিকে লিখিতভাবে অবহিত করিবে।]

**১২। রেফারেন্স লাইসেন্স প্রদান।-** লাইসেন্সিং কর্তৃপক্ষ আদেশ দ্বারা, আদেশে উল্লিখিত নির্ধারিত শর্ত ও সীমাবদ্ধতা সাপেক্ষে, কোন লাইসেন্সিকে লাইসেন্সে উল্লিখিত কাস্টম হাউস বা কাস্টমস্ স্টেশন ব্যতীত অন্য কোন কাস্টম হাউস বা কাস্টমস্ স্টেশনের জন্য [14][বিধি ৬ এরউপ-বিধি (৪) এর

[14] এস,আর,ও নং ২৭২-আইন/২০০৯/২২৬৯/শুল্ক তারিখ ২২ ডিসেম্বর, ২০০৯ দ্বারা প্রতিস্থাপিত

বিধান অনুসারে দাখিলীয় ফী ও দলিল প্রাপ্তি সাপেক্ষে] রেফারেন্স লাইসেন্স প্রদান করিতে পারিবে [15][, তবে অনুরূপ ক্ষেত্রে লাইসেন্সির ন্যূনতম ১০ (দশ) বৎসরের সন্তোষজনক কার্যক্রম করিবার অভিজ্ঞতা থাকিলে বিধি ৫(৩) এ বর্ণিত শিক্ষাগত যোগ্যতার বিধান প্রযোজ্য হইবে না।]

**১৩। লাইসেন্স হস্তান্তরের ক্ষেত্রে নিষেধাজ্ঞা।–** এই বিধিমালার অধীন প্রদত্ত কোন লাইসেন্স হস্তান্তরযোগ্য হইবে নাঃ

তবে শর্ত থাকে যে, লাইসেন্সির মৃত্যু জনিত কারণে তাহার বৈধ উত্তরাধিকারী, যিনি এই বিধিমালার অধীন লাইসেন্স পাইবার যোগ্য, তাহার আবেদনের প্রেক্ষিতে লাইসেন্সিং কর্তৃপক্ষ উক্ত বৈধ উত্তারাধিকারীর মৌখিক সাক্ষাৎকার গ্রহণপূর্বক যোগ্য মনে করিলে, তাহার অনুকূলে লাইসেন্স হস্তান্তর করিতে পারিবে।

**১৪। স্বাক্ষর প্রদানের ক্ষমতা।–** লাইসেন্সিং কর্তৃপক্ষের অনুমোদনক্রমে লাইসেন্সি তাহার পক্ষে কাস্টমস্ দলিলপত্রে স্বাক্ষর করিবার জন্য এক বা একাধিক ব্যক্তিকে ফরম-ঙ অনুযায়ী দলিল স্বাক্ষরের ক্ষমতা অর্পণ করিতে পারিবেন।

[16]**[১৫। কাস্টম সরকার নিয়োগ।–** লাইসেন্সিং, বোর্ড কর্তৃক প্রশাসনিক আদেশ দ্বারা নির্ধারিত পদ্ধতি অনুসারে, কাস্টমস্ সরকার নিয়োগ করিতে পারিবেন [17][এবং উক্ত কাস্টমস্ সরকার পারমিট এর মেয়াদ হইবে লাইসেন্স প্রদানের তারিখ হইতে ৪ (চার) বৎসর।]

**১৬। কমিশন নির্ধারণ।–** বোর্ড, লাইসেন্সি কর্তৃক প্রদত্ত সেবার বিনিময়ে প্রাপ্য কমিশন নির্ধারণ করিতে পারিবে।

**১৭। লাইসেন্স বাতিল।–** লাইসেন্সি কর্তৃক নিম্নবর্নিত এক বা একাধিক কার্যক্রমের কারণে লাইসেন্সিং কর্তৃপক্ষ লাইসেন্সিকে শুনানীর সুযোগ প্রদান করিয়া তাহার লাইসেন্স বাতিল করিতে পারিবে, যথাঃ-

(১) এই বিধিমালার কোন বিধান বা লাইসেন্সে উল্লিখিত কোন শর্ত ভঙ্গ করা হইলে;
(২) কর্তব্য পালনে অবহেলা, দীর্ঘসূত্রতা বা অদক্ষতা প্রদর্শণ করা হইলে;
(৩) কাস্টমস্ কর্মকর্তাগণের সহিত অসৌজন্যমূল্যক আচরণ করা হইলে;
(৪) তাহার গ্রাহকের আমদানিকৃত বা রপ্তানিতব্য পণ্যের চালান সম্পর্কে কোন মিথ্যা ঘোষণা উদ্ঘাটনের ক্ষেত্রে শুল্ক কর্তৃপক্ষকে যথাযথ সহযোগিতা প্রদানে ব্যর্থ হইলে;
(৫) কাস্টমস্ কর্মকর্তা কর্তৃক চাহিত তাহার আর্থিক লেনদেনের পূর্নাঙ্গ দলিল, উহা দ্বারা ব্যবস্থিত সকল কাস্টমস্ দলিল এবং কাস্টমস্ সংশিষ্ট¬ ব্যবসায়ের সহিত সংশ্লিষ্ট সকল চিঠি, বিল, হিসাব গোপন, অপসারণ বা ধ্বংস করিলে অথবা কাস্টমস্ কর্মকর্তাকে উক্ত রেকর্ডসমূহ দেখাইতে অস্বীকতি জানাইলে;
(৬) ভয়-ভীতি, মিথ্যা অভিযোগ, বলপ্রয়োগ বা কোন অন্যায়সুযোগ-সুবিধা প্রদানের মাধ্যমে কাস্টমস কর্মকর্তা বা কর্মচারীকে প্রভাবিত করিলে;
(৭) গ্রাহক কর্তৃক কোন মিথ্যা তথ্যের মাধ্যমে শুল্ক-কর ফাঁকির ঘটনা সম্পর্ক অবগত হইবার পর কাস্টমস্ কর্মকর্তার নিকট উক্ত তথ্য না জানাইলে;
(৮) তাহার গ্রাহক কর্তৃক শুল্ক-কর ফাঁকির ঘটনায় সহযোগিতা করিলে;

---

[15] এস,আর,ও নং ১৬১-আইন/২০১১/২৩৪৮/শুল্ক তারিখ ৯ জুন, ২০১১ দ্বারা সংযোজিত

[16] এস,আর,ও নং ২৭২-আইন/২০০৯/২২৬৯/শুল্ক তারিখ ২২ ডিসেম্বর, ২০০৯ দ্বারা প্রতিস্থাপিত

[17] এস,আর,ও নং ১৬১-আইন/২০১১/২৩৪৮/শুল্ক তারিখ ৯ জুন, ২০১১ দ্বারা সংযোজিত

(৯) প্রযোজ্য কোন শুল্ক-কর ফাঁকি বা প্রচলিত আইনের অধীনে আরোপিত শর্ত বা নিষেধাজ্ঞা এড়াইয়া যাইবার উদ্দেশ্যে কোন জাল দলিল প্রস্তুত করিয়া কাস্টমস্ কর্মকর্তার নিকট দাখিল করিলে;

(১০) প্রযোজ্য কোন শুল্ক-কর পরিহার করিলে;

(১১) যথাসময়ে লাইসেন্স নবায়নের উদ্যোগ গ্রহণ ও নবায়ন না করিলে;

(১২ ) গ্রাহকের নিকট হইতে বিধি বহির্ভূত অর্থ আদায় বা তাহাকে অন্য কোনরূপে হয়রানি করিলে; এবং

(১৩) এই বিধিমালার অধীন অর্পিত কোন দায়িত্ব পালন না করিলে।

**১৮। লাইসেন্স সাময়িক স্থগিতকরণ।-** লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট যদি প্রতীয়মান হয় যে, কোন লাইসেন্সির অনুকূলে প্রদত্ত লাইসেন্স অবিলম্বে স্থগিত করা আবশ্যক, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ[18][বিধি ১৭] এর অধীন লাইসেন্স বাতিল করিবার পূর্বে লাইসেন্সের কার্যকারিতা সাময়িকভাবে স্থগিত রাখিতে পারিবে।

**১৯। দণ্ড আরোপ।-** বিধি ১৭ এর অধীন লাইসেন্স বাতিল করা ছাড়াও লাইসেন্সিং কর্তৃপক্ষ সংশ্লিষ্ট লাইসেন্সিকে শুনানীর সুযোগ প্রদান করিয়া নিম্নরূপ অর্থদন্ড আরোপ করিতে পারিবে-

[19]**[(ক)** লাইসেন্সির কর্মকান্ড শুল্ক-করের সহিত সংশ্লিষ্ট না হইলে অনূর্ধ্ব ৫০ (পঞ্চাশ) হাজার টাকা হইতে অনূর্ধ্ব ২ (দুই) লক্ষ টাকা;]

(খ) লাইসেন্সির কর্মকান্ড শুল্ক-কর ফাঁকির সহিত সংশ্লিষ্ট হইলে, যে পরিমান শুল্ক-করের ক্ষতি হইয়াছে উহার অনধিক দ্বিগুন পরিমান অথ© কিন্তু অন্যূন [20][২ (দুই) লক্ষ টাকা, উহাদের মধ্যে যাহা অধিক হয়]।

**২০। অনুলিপি প্রদান।-** প্রদত্ত কোন লাইসেন্স হারাইয়া গেলে বা ছিড়িয়া গেলে বা অন্য কোন প্রকারে উহা কার্যোপযোগী না থাকিলে লাইসেন্সি [21][২ (দুই) হাজার ৫(পাঁচ) শত টাকা ] ফি পরিশোধ সাপেক্ষে লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ বরাবরে লিখিত আবেদন করিলে লাইসেন্সিং কর্তৃপক্ষ লাইসেন্সের একটি অবিকল নকল প্রদান করিবে।

**২১। আপীল।-** বিধি ১৭ ও ১৯ এর অধীন লাইসেন্সিং কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত যে কোনো সিদ্ধান্তের বিরুদ্ধে সংক্ষুব্ধ ব্যক্তি, বা কাস্টমস এজেন্ট, এখতিয়ার সম্পন্ন কমিশনার অব কাস্টমস্ (আপীল) এর নিকট, সিদ্ধান্ত প্রদানের ৩০ (ত্রিশ) কার্য দিবসের মধ্যে, আপীল করিতে পারিবে এবং এই বিষয়ে উক্ত কমিশনার অব কাস্টমস্ (আপীল) এর সিদ্ধান্তই চূড়ান্ত হইবে।

**22| রহিতকরণ ও হেফাজতকরণ।-**(1) Customs Agents (licensing) Rules, 1986 GZØviv iwnZ Kiv nBj|

(২) উক্তরূপ রহিত করণ সত্ত্বেও উক্ত বিধিমালার অধীনে কতৃ কার্যক্রম বা গৃহীত ব্যবস্থা এই বিধিমালার অধীন কতৃ বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

---

[18] এস,আর,ও নং ২৭২-আইন/২০০৯/২২৬৯/শুল্ক তারিখ ২২ ডিসেম্বর, ২০০৯ দ্বারা প্রতিস্থাপিত

[19] এস,আর,ও নং ২৭২-আইন/২০০৯/২২৬৯/শুল্ক তারিখ ২২ ডিসেম্বর, ২০০৯ দ্বারা প্রতিস্থাপিত

[20] এস,আর,ও নং ১৪০-আইন/২০১৪/২৫০৪/কাস্টমস, তারিখ ০৫ জুন, ২০১৪ দ্বারা প্রতিস্থাপিত

[21] এস,আর,ও নং ২৭২-আইন/২০০৯/২২৬৯/শুল্ক তারিখ ২২ ডিসেম্বর, ২০০৯ দ্বারা প্রতিস্থাপিত

## ফরম-ক

কাস্টমস্ এজেন্টস্ (লাইসেন্সিং) বিধিমালা, ২০০৯ এর অধীন
কাস্টমস্ এজেন্টস্ লাইসেন্সে প্রাপ্তরি আবদেন
**(বিধি ৫ দ্রষ্টব্য)**
কোর্ট ফি স্ট্যা¤প

| |
|---|
| পাসপোট© সাইজের ছবি<br><br>তিন (৩) কপি |

বরাবর.
লাইসেন্সিং কর্তপক্ষ্
-------------------
-------------------
মহোদয়,

আমি/আমরা ------------------- কাস্টমস্ এজেন্টস্ (লাইসেন্সিং) বধিমিালা,২০০৯ এর আওতায় কাস্টমস্ এজেন্টস wn‡m‡e ব্যবসা পরিচালনার জন্য আবেদন করিতেছি। বিস্তারিত তথ্যাদি নিম্নে প্রদত্ত হইলঃ

১। আবেদনকারীর পূর্ণ নামঃ
২। জাতীয়তাঃ
৩। প্রতিষ্ঠানের নামঃ
৪। প্রতিষ্ঠানের ঠিকানা
৫। ব্যবসার ধরণ (ব্যক্তি মালিকানধীন, যৌথ মালিকানাধীন, অংশীদারীত্বমূলক, লিমিটেড কোম্পানী ইত্যাদি) :-

৬। যৌথকারবারের ক্ষেত্রে অংশীদারগণ/পরিচালকগণ/ ব্যবস্থাপনা পরিচালকগণের নামঃ
৭। লাইসেন্সি কর্তক্ দলিলাদিতে স্বাক্ষরদানের ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির নামঃ
৮। আবদেনকারীর শক্ষিাগত যোগ্যতাঃ
৯। ট্যাক্স আইডন্টেফিকিশেন ও মূল্য সংযোজন কর নবিন্ধন নম্বরঃ
১০। একাউন্ট নম্বরসহ সংশষ্টি¬ ব্যাংকরে নাম ও ঠকিানাঃ
১১। প্রতষ্ঠিানরে ‡ক্ষত্রে নিয়োগকৃত জনবলরে তালকিাঃ
১২। লাইসন্সে প্রাপ্তরি আবদেন প্রত্যাখ্যান করা হইয়া থাকিলে তাহার কারণ, আবদেনরে তারখি, রেফারেন্স ইত্যাদি উল্লেখ করিতে হইবে

আমি/ আমরা প্রত্যয়ন করিতেছি যে আবদেনপত্রে উল্লিখিত¬ তথ্যাদি এবং সংযুক্ত দলিলাদি সঠিক ও সত্য এবং আমি/ আমরা কাস্টমস্ এজেন্টস (লাইসেন্সিং) বধিমিালা, ২০০৯ পড়িয়াছি এবং আমি/আমরা নিশ্চয়তা প্রদান করিতেছি যে লাইসেন্স পাইলে আমি/ আমরা এই বিধিমালা বিধিনাবলীসহ প্রযোজ্য অন্যান্য সকল বিধিনাবলী মানিয়া চলিব ।

আপনার বিশ্বস্ত,

তারখিঃ

(আবদেনকারীর স্বাক্ষর ও দাপ্তরকি সীল)

সংযুক্তিঃ (বিধি ৬ এ উল্লিখিতি¬ দলিলাদি সংযুক্ত করিয়া সংযোজিত কাগজপত্রের তালকিা দিতে হইবে) [নোটঃআবদেনপত্রে কোন প্রকার ঘষামাজা গ্রহণযোগ্য হইবে না।]

**ফরম-খ**

## [বিধি ৬(৪)(খ) দ্রষ্টব্য]

## নিরাপত্তা জামানত

২০-- সনের ---------------------------নম্বর

এই দলিল দ্বারা সকলকে আবগত করান যাচ্ছে যে, আমরা এই মর্মে বাংলাদেশের মহামান্য রাস্ট্রপতির নিকট . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . .
টাকার দায়ে আমরা দৃঢ় ভাবে আবদ্ধ যা পরিশোধের জন্য আমি নিজেকে এবং আমাদের প্রত্যেককে, আমাদের এবং অমাদের সকল উত্তরাধকিার,নিবা©হক এবং প্রশাসক উক্ত অথ© পরশিোধে আজ দুই হাজার ........... .সনের.........মাসের.. . . .তাwiL দায়বদ্ধ ও দৃঢ়ভাবে আবদ্ধ হইলাম।যেহেতু কথিত ..................................The custom Act 1969,( Act IV of 1969) এর ধারা ২০৭ এর আওতায় কাস্টমস্ এজেন্ট হিসাবে নিয়োগপ্রাপ্ত হইয়াছেন এবং কথিত------------------------------------------ ধারা ২১৯, উক্ত আইনের তৃতীয় তফশীলের ২১ নং দফার সহিত পঠিতব্য, এর অধীন প্রণীত বিধিমালার আওতায় আবশ্যক এই বন্ডে আবদ্ধ হইতে সম্মত হইলাম,

এবং

যেহেতু কথিত ------------------------------ বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতির সহিত আমার, আমার করণীক এবং কর্মচারীর কাস্টম হাউজ প্রবিধান এবং সেখানকার কর্মকর্তাদের সাথে বিশ্বস্ত আচরণের জন্য নিরাপত্তা জামানতে আবদ্ধ হইলাম।

অতঃপর উপরে লিখিত বন্ডের শর্ত এই যে যদি কথিত --------------------- এবং তাহার করণীক এবং কর্মচারী এই লাইসেন্স ধারনকালে নিজেরা উপরে বর্ণিত আচরণ কাস্টম হাউজের প্রবিধান মোতাবেক বিশ্বস্ত সাথে সম্পাদন এবং কাস্টমস্ এজেন্ট হিসাবে তাহার কর্মকান্ড এবং যদি কথিত -----------------------এবং তাহাদের নির্বাহক বা প্রশাসক কৃতকর্ম এবং সকল সময়বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি অনূকূলে সকল এবং সমুদয় অর্থ যা কথতি------টাকা বা তাহার করণীক বা কর্মচারীর বৈধ পদ্ধতিতে কতৃ অবৈধ কর্মকান্ড বা অবহেলার জন্য প্রাপ্য হইয়াছে তা বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি অনূকূলে প্রদান করা না হয় তবে উপরে-লিখিত বন্ড অকার্যকর হইবে; অন্যথায় এটি সম্পূর্ণরূপে কার্যকরী থাকিবে এবং এর ভিত্তিতে ইহা এই মর্মে সম্মত হইয়া ঘোষনা করা হইতেছে যে, বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতির উপরে বর্ণিত কথিত --------- টাকা যাহা তাহার করণীক বা কর্মচারীর বৈধ পদ্ধতিতে কতৃ অবৈধ কর্মকান্ড বা অবহেলার জন্য সরকার প্রাপ্য হইয়াছে তাহা বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি অনূকূলে পরিশোধের জন্য ব্যবহৃত করা যাইবে এবং এই র্মমে সম্মত হইয়াছি যে কথিত -------------টাকা

বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতির অনুকূলে ছয় মাস পর্যন্ত রক্ষিত থাকিবে যাহাতে কথিত---------------------- কাস্টম এজেন্ট লাইসেন্স বাতিল হওয়ার পর তাহার দ্বারা সংগঠিত কিন্তু উদঘাটিত হয়নি এমন বৈধ পদ্ধতিতে কতৃ অবৈধ কর্মকান্ড বা অবহেলার জন্য প্রাপ্য অর্থ সরকার কর্তক আদায়ের জন্য এই বন্ড উল্লেখিত ছয় মাস সময়ের জন্য কার্য়কর থাকিবে। (ইহা আরও সম্মত হইয়াছি যে বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি উপরে উল্লেখিত ----------টাকা কথিত-------------------- কর্তৃক

তাহার আমদানিকারকের পক্ষে কৃত কোন কার্যক্রমের ফলে কম পরিশোধিত শুল্ক বা অন্য কোন চার্জ সম্পূর্ণ বা আংশিক পরিশোধের

জন্য এই বন্ড কার্যকর হতে পারে যদিও Customs Act 1969 এর ধারা ৩২ অনুযায়ী দাবীনামা ইতোমধ্যে জারীকতৃ হইয়াছে)।

উপস্থিত সাক্ষীগনের উপস্থতিতে উপরে উল্লেখিত নামীয় কর্তকৃ স্বাক্ষরিত, সীলমোহরকৃত ও সরবরাহকৃত

আমার সম্মুখে সম্পাদিত

২০-- সনের---------তারিখ

১।-------------------------------------

২।-------------------------------------

লাইসেন্সিং কর্তৃপক্ষ

**ফরম-গ**

**[বিধি ৬(৪)(গ) দ্রষ্টব্য]**

**বন্ড সম্পাদন**

২০-- সনের ------------------------- নম্বর এই দলিল দ্বারা সকলকে আবগত করান যাচ্ছে যে, আমরা ----------------------------------- (ক) ------------------ -------------------------------- (খ) এই মর্মে বাংলাদেশের মহামান্য রাস্ট্রপতির নিকট---------- ---------- টাকার দায়ে আমরা দৃঢ় ভাবে আবদ্ধ যা পরিশেধের জন্য আমি নিজেকে এবং আমাদের প্রত্যেককে, আমাদের এবং আমাদের সকল উত্তোরাধিকার, নির্বাহক এবং প্রশাসক উক্ত অথ© পরিশোধে আজ দুইহাজার ------ সনের -----------মাসের-------- তারিখ দায়বদ্ধ ও দৃঢ়ভাবে আবদ্ধ হইলাম।

যেহেতু কথিত -----------------------(ক) --------------------------------

---- The Customs Act 1969, (Act IV of 1969) এর ধারা ২০৭ এর আওতায় কাস্টমস্ এজেন্ট হিসাবে নিয়োগপ্রাপ্ত হইয়াছেন এবং কথিত -------------------------------------(খ) --

---------------- ধারা ২১৯, উক্ত আইনের তৃতীয় তফশীলের ২১ নং দফার সহিত পঠিতব্য, এর অধীন

প্রণীত বিধিমালার আওতায় আবশ্যক এই বন্ডে আবদ্ধ হতে সম্মত হইলাম, এবং যেহেতু কথিত ---

-------------------------- বাংলাদেশের মহামান্য রাস্ট্রপতির সহিত আমার, আমার করণীক এবং

কর্মচারীর কাস্টম হাউজ প্রবিধান এবং সেখানকার কর্মকর্তাদের সাথে বিশ্বস্ত আচরণের জন্য নিরাপত্তা জমানতে আবদ্ধ হইলাম।

অতঃপর উপরে লিখিত বন্ড এর শর্ত হইতেছে এই যে কথিত ----------------------- (ক) --------------------------উভয়ই এই প্রাধিকার ধারনকালে কাস্টম হাউজের প্রবিধান অনুযায়ী বিশ্বস্ততার ও দুর্নীতিবিহীনভাবে সর্বদা কার্য সম্পাদন করিব এবং কাস্টমস এজেন্ট হিসাবে তাহার কার্যক্রম এবং (খ) -----------------তাহাদের নির্বাহক বা প্রশাসক কৃতকর্ম এবং সকল সময় বাংলাদেশের মহামান্য রাস্ট্রপতির অনূকূলে সকল এবং সমুদয় অর্থ যা কথিত -------------------------------------

(ক) ----------------------------- এর বৈধ পদ্ধতিতে কতৃ অবৈধ কর্মকান্ড বা অবহেলার জন্য প্রাপ্য হইয়াছে তা বাংলাদেশের মহামান্য রাস্ট্রপতির অনূকূলে প্রদান করা না হয় তবেউপরে-লিখিত বন্ড অকার্যকর হইবে; অন্যথায় এটি সম্পূর্ণরূপে কার্যকরী থাকিবে।

উপস্থিত সাক্ষীগনের উপস্থিতিতে উপরে উলেখিত- নামীয় কর্তক্ স্বাক্ষরিত, সীলমোহরকত্ ও সরবরাহকত্

আমার সম্মুখে সম্পাদিত

২০-----সনের --------- তারিখ

১।-------------------------------------

২।------------------------------------

লাইসেন্সিং কর্তপক্ষ্

**ফরম-ঘ**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

.................... কাস্টম হাউস/কমিশনারেট

| |
|---|
| পাসপোর্ট সাইজের ছবি<br>১ (এক) কপি |

## কাস্টমস্ এজেন্ট লাইসেন্স

[(বিধি ৬(৫) দ্রষ্টব্য]

The Custom Act 1969( IV of 1969) এর Section 207 এর আওতায় ---------কাস্টম হাউস/স্টেশনে ক্লিয়ারিং ফরোয়ার্ডিং ও শিপিং এজেন্ট হিসেবে ব্যবসা পরিচালনার জন্য কাস্টমস্ এজেন্টস্ (লাইসেন্সিং) বিধিমালা, ২০০৯ এর বিধি ৬(৫) মোতাবেক এই লাইসেন্স প্রদান

করা হইল।

লাইসেন্স নম্বর t

ব্যক্তি/ প্রতিষ্ঠানের নাম t

ঠিকানা t

টেলিফোন / ফ্যাক্স / ই-মেইল t

এই লাইসেন্সটি হস্তান্তর যোগ্য নয় এবং বিধিমালায় বর্ণিত কোন কারণে বাতিল, সাময়িকভাবে স্থগিত বা নবায়িত করা না হইলে ইস্যুর তারিখ হইতে ৪ (চার) বৎসরের জন্য বহাল থাকিবে।

২। এই লাইসেন্স ............................ কাস্টম হাউস/কাস্টমস্ স্টশনের জন্য প্রযোজ্য হইবে।

তারিখ t (লাইসেন্সিং কর্তপক্ষের্ স্বাক্ষর ও সীল)

পূর্ণ ঠিকানা t

লাইসেন্স নবায়ন ..............হইতে........... পর্যন্ত

কর্তপক্ষের্ স্বাক্ষর

### “ফরম-ঙ

### [বিধি ১৪ দ্রষ্টব্য]

### কাস্টমস্ দলিলপত্র ইত্যাদিতে স্বাক্ষর প্রদানের ক্ষমতাপত্র

প্রেরক,জনাব/মেসার্স-----------------------------------------------------

------------------

প্রাপক,

লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ,

-------------------------

-------------  ।

মহোদয়,

আমি/আমরা ------------------------- , ঠিকানা ---------------------- যথাবিহিত সম্মানপূর্বক জানাচ্ছি যে, আমরা নিম্নবর্ণিত সহকারী, ক্লার্ক বা ------------কাস্টমস্ এজেন্ট এর প্রতিনিধিকোস্টম হাউজ/ল্যান্ড কাস্টমস্ স্টেশন সংশ্লিষ্ট ব্যবসায় যথাঃ (১) কাস্টমস্ দলিল যেমন বিল অব এন্ট্রি, বিল অব এক্সপোর্ট ইত্যাদি, (২) মেনিফেস্ট, ফেরৎ আদেশ বা দ্রব্যাকের বিলে স্বাক্ষর প্রদান, (৩) অর্থ গ্রহণ বা প্রপ্তি আনুমোদন, প্রভৃতি পরিচালনার জন্য স্বাক্ষরের ক্ষমতা অর্পন করিলাম।

সংরক্ষণের জন্য এধরণের ক্ষমতাপ্রাপ্ত সকলের চারটি নমুনা স্বাক্ষর এই সাথে সংযুক্ত করা হইল।

আমি/আমরা এই মর্মে স্বীকৃতি প্রদান করিতেছি যে, উপরে বর্ণিত বিষয়ষ্টসংশ্লিষ্ট কার্য সম্পাদনের ক্ষেত্রে এই স্বাক্ষরগুলি এই প্রতিষ্ঠানের এবং উপরে বর্ণিত বষয়ষ্টসংশ্লিষ্ট কার্য সম্পাদনে কোন দায় দায়িত্বের উদ্ভব হইলে তাহা আমরা এমন ভাবে গ্রহণ করিব যেন এই স্বাক্ষরগুলি আমি/আমাদের ফার্ম কর্তৃক সম্পাদিত।

আপনার বিশ্বস্ত

১। জনাব--------------------------------------- স্বাক্ষর-----------

২। জনাব--------------------------------------- স্বাক্ষর-----------

৩। জনাব------------------------------------------ স্বাক্ষর-----------

৪। জনাব------------------------------------------ স্বাক্ষর-----------

৫। জনাব------------------------------------------ স্বাক্ষর-----------

২.০০ টাকা মূল্যমানের কোর্ট ফি স্টাম্প সংযুক্ত

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

(হুসেইন আহমেদ)

সদস্য (শুল্ক)।